**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 04-01-2026** **Time: 1.30 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী বলেছেন, ২০৩৬ সালে অলিম্পিক প্রতিযোগিতা আয়োজনে ভারত উদ্যোগী হয়েছে। তিনি আজ ৭২তম জাতীয় ভলিবল প্রতিযোগিতার ভার্চুয়ালি উদ্বোধন করেছেন।

২) কেন্দ্রীয় গ্রামোন্নয়নমন্ত্রী বলেছেন, পুরনো এম জি নারেগা প্রকল্পটি দুর্নীতির সমার্থক হয়ে উঠেছিল।

৩) মার্কিন যুক্তরাষ্ট্রের হাতে ভেনিজুয়েলার রাষ্ট্রপতি আটক হওয়ায় উদ্ভুত পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ আগামীকাল জরুরী বৈঠক ডেকেছে। ভেনিজুয়েলার ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়েছে বিভিন্ন দেশ।

৪) কেন্দ্রীয় শ্রমমন্ত্রী বলেছেন নতুন শ্রমকোড চা শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকদের পক্ষে লাভজনক হবে

৫) অনুরধ ১৯ ক্রিকেটে একদিনের আন্তর্জাতিক ম্যাচে ভারত, দক্ষিণ আফ্রিকাকে ২৫ রানে হারিয়ে দিয়েছে।

--------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০৩৬ সালে অলিম্পিক প্রতিযোগিতা আয়োজনে ভারত উদ্যোগী হয়েছে। ৭২তম জাতীয় ভলিবল প্রতিযোগিতার ভার্চুয়ালি উদ্বোধন করে তিনি বলেন ২০১৪ সালের পর থেকে খেলাধুলোর বিভিন্ন শাখায় ভারতের নজরকাড়া সাফল্য ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। বারাণসীতে এই ভলিবল ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। তিনি বলেন, জেন জি যখন খেলাধুলার মাঠে ত্রিবর্ণ রঞ্জিত জাতীয় পতাকা উত্তোলন করেন তখন দেশ গর্ব অনুভব করে। প্রত্যেকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করলে সাফল্য অর্জন করা যায়। প্রধানমন্ত্রী বলেছেন, দেশ সেই পথই অনুসরণ করছে।

বাইট

বারাণসীর ডাঃ সম্পূর্ণানন্দ স্টেডিয়ামে ১১ই জানুয়ারি পর্যন্ত এই প্রতিযোগিতা চলবে। ৭৩ টি পুরুষ ও মহিলা দলের হাজারেরও বেশি খেলোয়াড় এবারের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন।

-----------------------------------------

কেন্দ্রীয় গ্রামোন্নয়নমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, এম জি নারেগা প্রকল্পটি দুর্নীতির সমার্থক হয়ে উঠেছিল। এই প্রকল্পে শ্রমিকদের প্রায়ই বাদ দেওয়া হতো এবং তাদের শোষণ করা হতো। নতুন দিল্লিতে আজ সাংবাদিক সম্মেলনে শ্রী

চৌহান অভিযোগ করেন, কংগ্রেস জি-রাম-জি আইন নিয়ে জনমতকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। তারা এম জি নারেগা প্রকল্পকে সমর্থন না করে, এর ভেতরের দুর্নীতির পাশে দাঁড়াচ্ছে। তাঁর অভিযোগ এম জি নারেগা প্রকল্পের জন্য বিশাল ব্যয় বরাদ্দ থাকা সত্ত্বেও দেশের কোথাও স্থায়ী সম্পদ সৃষ্টি করা হয়নি, বা গ্রামগুলির স্থায়ী উন্নয়নের কোন ব্যবস্থা হয়নি। শ্রী চৌহান বলেন, নতুন জি-রাম-জী প্রকল্পে শ্রমিকদের স্বার্থ সুরক্ষিত রাখার ব্যবস্থা করা হয়েছে এবং তাদের জন্য বর্ধিত বেতন প্রদানে বিলম্ব হলে তার ওপর সুদ দেওয়ার সংস্থানও রাখা হয়েছে। এছাড়াও নতুন এই প্রকল্পটিতে গ্রামীণ পরিবারগুলির সদস্যদের জন্য ১-শো দিনের জায়গায় ১২৫ দিন কাজ দেওয়ার নিশ্চয়তার সংস্থান রয়েছে।

(বাইট – শিবরাজ)

------------------------------------

মার্কিন সেনাবাহিনীর হাতে ভেনেজুয়েলার রাষ্ট্রপতি নিকোলাস মাদুরো ও তার স্ত্রী আটক হওয়ার প্রেক্ষিতে উদ্ভুত পরিস্থিতি নিয়ে আলোচনা করতে আগামীকাল জরুরি বৈঠক ডেকেছে রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদ । পরিষদের অস্থায়ী সদস্য কলম্বিয়ার অনুরোধে এই বৈঠক ডাকা হয়েছে বলে জানা গিয়েছে। কলম্বিয়ার এই অনুরোধকে সমর্থন করেছে স্থায়ী সদস্য দেশ চিন ও রাশিয়া।রাষ্ট্রসঙ্ঘের মুখপাত্র স্টেফান দুজারিক

জানান,মহাসচিব আন্তনিও গুতারেস এ ব্যাপারে খুবই উদ্বিগ্ন। তিনি বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রর হানা আন্তর্জাতিক আইনকে লঙ্ঘন করেছে।

------------------------------------

নিকোলাস মাদুরো ও তাঁর স্ত্রীর গ্রেফতারির ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন বিভিন্ন দেশ। এর মধ্যে রয়েছে রাশিয়া, চীন, ইরান, ব্রাজিল এবং কিউবা। তাদের মতে মার্কিন হানাদারি ভেনেজুয়েলার সার্বভৌমত্বকে আঘাত করেছে।

রুশ বিদেশমন্ত্রক জানায় অনভিপ্রেত এই ঘটনার আইন সম্মত নিষ্পত্তি প্রয়োজন। দ্রুত এই নিয়ে আলোচনা শুরু হোক।

চীনও মার্কিন বিমান হানার প্রতিবাদ করে বলেছেন, এই পদক্ষেপ আন্তর্জাতিক আইন বিরোধী।

কিউবার রাষ্ট্রপতি মিগুয়েল দিয়াজ ক্যানালও এই হানাদারির তীব্র নিন্দা করে জানান,আন্তর্জাতিক মহলের এই নিয়ে অবিলম্বে সরব হওয়া উচিত। ব্রাজিলের রাষ্ট্রপতি লুলা দা সিলভা, মাদুরোর গ্রেফতারির ঘটনাকে ল্যাতিন আমেরিকা ও ক্যারিবিয়ান অঞ্চলে মার্কিন যুক্তরাষ্ট্রের অনভিপ্রেত হস্তক্ষেপ বলে বর্ণনা করেছে।

এদিকে, ইউরোপীয় ইউনিয়ান কমিশনের প্রেসিডেন্ট উরসুলা ভন দার লিয়েন জানান, আন্তর্জাতিক আইন এবং রাষ্ট্রসংঘের সনদ অনুযায়ী এই বিবদের মীমাংসা প্রয়োজন।

ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার বলেছেন, তাঁর দেশ এই ধরনের ঘটনার সঙ্গে বিন্দুমাত্র জড়িত নয়। তাঁরা এবিষয়ে আমেরিকার সঙ্গে কথাবার্তা শুরু করবে।

ভেনেজুয়েলা মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক অভিযানের প্রেক্ষিতে জরুরী অবস্থা ঘোষণা করেছে। তারা মাদুরো ও তাঁর স্ত্রী সিলিয়া ফ্লোরেসের জীবিত থাকার প্রমাণও দাবি করেছে। ভেনেজুয়েলার ভাইস প্রেসিডেন্ট ডেলসি রডরিগেস এই হামলা নিয়ে আলোচনার জন্য রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের জরুরী বৈঠক ডাকার দাবি জানিয়েছেন।

-----------------------------------

ভেনেজুয়েলায় মার্কিন অভিযানে উদ্ভুত পরিস্থিতিতে টেসলার মুখ্য কার্যনির্বাহী আধিকারিক এলন মাস্ক জানিয়েছেন, স্পেসএক্স-এর মালিকানাধীন স্টারলিংক ভেনেজুয়েলার জনগণকে তেসরা ফেব্রুয়ারি পর্যন্ত বিনামূল্যে ব্রডব্যান্ড ইন্টারনেট পরিষেবা দেবে। সোশাল মিডিয়া এক্স-এর এক পোস্টে জানিয়েছে, শনিবার ক্যারাকাসের কিছু অংশে হঠাৎ ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হওয়ার খবর পাওয়ার পর, ভেনেজুয়েলার

সঙ্গে সংযোগ অব্যাহত রাখতে এই উদ্যোগ। মার্কিন সেনা অভিযানের সময় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হওয়ায় এই বিপত্তি। স্থানীয় সংবাদমাধ্যমে খবর, সেইসঙ্গে রাজধানীর একাংশে কোনও ইন্টারনেট সংযোগ ছিল না।

------------------------------------

কেন্দ্রীয় সরকারের বিদেশ মন্ত্রক এক উপদেশ বার্তায় ভারতীয়দের খুব প্রয়োজন না পড়লে ভেনেজুয়েলা সফরে যেতে নিষেধ করেছে।সে দেশে উপস্থিত ভারতীয়দের সাবধানে থাকতে এবং বিশেষ ঘোরাফেরা না করতে বলা হয়েছে। তেমন কোনও প্রয়োজনে ক্যারাকাসের ভারতীয় দূতাবাসের সঙ্গে যোগাযোগ করতে হবে বলেও বিদেশমন্ত্রক জানিয়েছে। দূতাবাসের ই মেল- cons.caracas@mea.gov.in ও **জরুরি ফোন নম্বর হল**-+58-412-9584288

------------------------------------

জম্মু-কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা, দোসরা ফেব্রুয়ারী থেকে বিধানসভায় বাজেট অধিবেশন ডেকেছে। ওই দিন তাঁর ভাষণের মধ্য দিয়ে অধিবেশন শুরু হবে। ফেব্রুয়ারী মাসের ২০ তারিখ থেকে রমজান মাস শুরু হওয়ার সম্ভাবনার প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লা সরকার বাজেট অধিবেশন এগিয়ে আনার সিদ্ধান্ত নেন।

এদিকে, উপ-রাজ্যপাল ২২-শে জানুয়ারীর মধ্যে বিধায়কদের ২০-টি করে প্রশ্ন জমা দেওয়ার আহ্বান জানিয়েছেন। অধিবেশনে ২-টি বে-সরকারী সদস্যের বিল এবং চারটি প্রস্তাব পাশ করা হবে।

-------------------------------------

২০২৫ সালের মধ্যে ভারত সম্পর্কে সারা বিশ্বের চিন্তাভাবনা পরিবর্তিত হয়েছে। নির্ণায়ক শক্তি হিসেবে উঠে এসেছে ভারত। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

-------------------------------------

কেন্দ্রীয় শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রী মনসুখ মনভিয়া বলেছেন, নতুন শ্রম কোড চালু হলে চা শ্রমিকদের সামাজিক সুরক্ষা, ন্যুনতম মজুরী ও অন্যান্য সুবিধা মিলবে। আজ শিলিগুড়িতে ভারতীয় চা শ্রমিক ইউনিয়নের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে ডক্টর মান্ডভিয়া চারটি শ্রম কোডের সুফল নিয়ে বিস্তারিত বক্তব্য রাখেন।

বাইট

অনুষ্ঠানে দার্জিলিং-এর সাংসদ রাজু বিস্তা বলেন, কেন্দ্রীয় সরকার, শ্রমিক কল্যাণে বিভিন্ন প্রকল্প চালু করলেও রাজ্য সরকারের হাতেই চা শ্রমিকদের মজুরি বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা রয়েছে।

------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রী ডাক্তার জিতেন্দ্র সিং কাঠুয়ায় সাম্প্রতিক হড়পা বানে ক্ষতিগ্রস্ত অঞ্চলের পুনর্নির্মাণের জন্য যে তহবিল বরাদ্দ করা হয়েছে, তার পর্যালোচনা করেছেন। জম্মু ও কাশ্মীরে সরকারি সম্পত্তি এবং পরিকাঠামোর ক্ষতি পূরণ বাবদ কেন্দ্র ১৪০০ কোটি টাকারও বেশি বরাদ্দ করেছে। কাঠুয়ায় অস্থায়ীভাবে নির্মিত যে পরিকাঠামোগুলির ক্ষতি হয়েছে, সেগুলির মেরামতের জন্য দশ কোটি টাকা অনুমোদন করা হয়েছে, এবং অন্যান্য ক্ষতিগ্রস্ত কাঠামোগুলির জন্য দুই কোটি টাকারও বেশি অর্থ দেওয়া হবে।

------------------------------------

বাংলাদেশের হিন্দু, বৌদ্ধ, খ্রীশ্চান – ঐক্য পরিষদের নেতৃবৃন্দ গতকাল ঢাকায় বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টির কার্যকরী চেয়ারম্যান তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করে প্রাক্তন প্রধানমন্ত্রী বেগম খালেদাজিয়ার মৃত্যুতে শোক ব্যক্ত করেছেন। তাঁর সঙ্গে বৈঠকে সেদেশের সংখ্যালঘু জন গোষ্ঠীর নেতৃবৃন্দ প্রয়াত খালেদাজিয়াকে একজন শক্তিশালী নেত্রী বলে বর্ণনা করেন। বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলনেও তাঁর গুরুত্বপূর্ণ অবদানের কথাও তারা উল্লেখ করেন। তাঁরা সেদেশের বিভিন্ন অংশে সংখ্যালঘু জনগোষ্ঠীর ওপর হিংসাত্মক হামলার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন। বিএনপি-র কার্যকরী

চেয়ারম্যানের কাছে এই ধরনের বিভিন্ন ঘটনার কথা তুলে ধরে তারা ৮ দফা দাবিপত্র পেশ করেন। এই দাবিগুলিকে বিএনপি-র নির্বাচনী ইস্তেহারে অন্তর্ভুক্ত করার জন্য তাঁরা আহ্বান জানান। এর জবাবে তারেক রহমান বলেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি ও জননিরাপত্তা নিশ্চিত করে তারা বাংলাদেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলিকে পুনর্গঠন করবেন। তিনি বলেন, জাতি ধর্ম নির্বিশেষে বাংলাদেশের নাগরিকদের অধিকার রক্ষায় গণতান্ত্রিক ব্যবস্থাকে জোরদার করা প্রয়োজন। BNP মহা সচিব মির্জা ফখরুল ও বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ ঢাকেশ্বরী জাতীয় মন্দির কর্তৃপক্ষের প্রতিনিধি সহ সেদেশের সংখ্যালঘু জনগোষ্ঠীর নেতৃবৃন্দ এই বৈঠকে উপস্থিত ছিলেন।

-----------------------------------

অনূর্ধ্ব-১৯ পুরুষদের ক্রিকেটে গতকাল বেননির উইলোমুর পার্কে তিন ম্যাচের সিরিজের প্রথম একদিনের ম্যাচে ভারত ডাকওয়ার্থ লুইস নিয়মে দক্ষিণ আফ্রিকাকে ২৫ রানে পরাজিত করেছে। বৃষ্টিবিঘ্নিত ম্যাচে প্রথমে ব্যাট করতে নেমে ভারত ৫০ ওভারে ৩০০ রান তোলে। এরমধ্যে হরবংশ পাঙ্গালিয়া ৯৩ এবং আরএস অ্যামব্রিশ ৬৫ রান করেন।

----------------------------------- -----------------------------------